**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী**
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/উমা/১-১০(৩য় খন্ড)/পনি-২৭৮ তারিখ: ২৬/০৫/২০২৫ খ্রি.

**বিষয় ঃ ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে**

২০২৫ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু,স্বাভাবিক ও নকলমুক্ত পরিবেশে পরিচালনার নিমিত্তে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষ বোর্ড রাজশাহী-এর "উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা" অনুসারে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কেন্দ্র কমিটি গঠনের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হ'ল। কেন্দ্র কমিটি ০১ (এক) জন তত্ত্বাবধায়ক কর্মকর্তা এবং ০৪ (চার) জন সদস্য নিয়ে গঠিত হবে। জেলা সদরে অবস্থিত কেন্দ্র কমিটির তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক/জেলা প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে কেন্দ্র কমিটির তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার/একজন সরকারি গেজেটেড কর্মকর্তা। কেন্দ্র কমিটি নিম্নরুপভাবে গঠন করতে হবে ঃ

১.তত্ত্বাবধায়ক কর্মকর্তা:

জেলা সদরে অবস্থিত কেন্দ্র কমিটির তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক/জেলা প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে কেন্দ্র কমিটির তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন, সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি।

২. সদস্যবৃন্দ:

ক. কেন্দ্র কমিটিতে বিভাগীয় সদরে উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/জেলা সদরে জেলা শিক্ষা অফিসার/ উপজেলা পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সদস্য হিসেবে মনোনীত করতে হবে।

খ. রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রের আওতাধীন সরকারি/বেসরকারি স্থানীয় মহাবিদ্যালয়ের একজন অধ্যক্ষ, একজন মেডিকেল অফিসার এবং একজন পুলিশ কর্মকর্তা কেন্দ্র কমিটিতে সদস্য হিসেবে থাকবেন।

গ. কেন্দ্র হিসেবে নির্বাচিত প্রতিষ্ঠানের প্রধান/ অধ্যক্ষ/উপাধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। যদি কোন অনিবার্য কারণে দায়িত্ব পালনে অসমর্থ হন তবে জেলা শিক্ষা অফিসার / উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/গেজেটেড সরকারি যে কোন কর্মকর্তা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

তবে যে সকল কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত নেই সেক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে পারবেন।

উল্লেখ্য, কোন শিক্ষক, কোন কর্মকর্তা অথবা কোন কর্মচারীর সন্তান/পোষ্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি ঐ পরীক্ষায় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্ষ পরিদর্শক এবং পরীক্ষা সংক্রান্ত কোন কাজে সম্পৃক্ত হতে পারবেন না।

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষার উত্তরপত্র ও অন্যান্য উপকরণাদি রাজশাহী শিক্ষা বোর্ডের উপকরণ শাখা হতে সংগ্রহ করবেন। কেন্দ্র কমিটি গঠনের পর কেন্দ্রওয়ারী গঠিত কমিটির সদস্যবৃন্দের নামের তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট **১৯/০৬/২০২৫** তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

যে সব পরীক্ষা কেন্দ্রের প্রশ্নপত্র নিরাপদ হেফাজতের জন্য ট্রেজারী নেই সে সব কেন্দ্রের প্রশ্নপত্র নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, বাণিজ্যিক ব্যাংক/থানার নিরাপত্তা ঘরে রাখার ব্যবস্থা করবেন। ব্যাংক/থানার কর্মকর্তা অবশ্যই প্রশ্নপত্রের গোপনীয়তা সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করবেন।

পরীক্ষার্থীদের নিকট হতে সংগৃহীত কেন্দ্র ফি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা বই-এ বর্ণিত ২ এর 'ছ'(iv) উপধারা অনুযায়ী ব্যয় হবে। কেন্দ্রের আয়-ব্যয় হিসাব সরকার মনোনীত অডিটর দ্বারা অডিট করে অডিট রিপোর্ট পরীক্ষা শেষ হবার ১ (এক) মাসের মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের সচিব বরাবরে প্রেরণের জন্য **অনুরোধ করা হ'ল।**

২৬/৫/২৫

**প্রফেসর মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন # ০২৫৮৮৮৫৬২৩১ (অফিস)
ই-মেইল : controller@rajshahieducationboard.gov.bd

জেলা প্রশাসক:
রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা

স্মারক নম্বর : রাশিবো/উমা/১-১০(৩য় খন্ড)/পনি-২৭৮(১০০০) তারিখ : ২৬/০৫/২০২৫ খ্রি.

**অনুলিপি অবগতি ও জ্ঞাতার্থে ঃ**

১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২। সিভিল সার্জন/পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৩। রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার
৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৫। রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা/ অধ্যক্ষ........................................................................কলেজ/স্কুল ও কলেজ, ডাক ঃ ......... জেলা ঃ ...............।
তাঁর কলেজকে ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্র নির্বাচন করা হয়েছে। তাঁকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে যথাসময়ে পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল।
৭। অফিস নথি।

২৬/৫/২৫

**মোছা. সেলিনা পারভীন**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন # ০২৫৮৮৮৫৫৯২১ (অফিস)